

যুগান্তর

তারিখ: ৩০/৩/০২  
কলাম: ১

## প্রয়োজনে কম্পিউটার শিক্ষাকে বাধ্যতামূলক করা হবে

প্রধানমন্ত্রী

যুগান্তর রিপোর্ট

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া কম্পিউটার মেলা-২০০২ উদ্বোধনকালে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে নতুন নাম 'বিজ্ঞান এবং তথ্য যোগাযোগ প্রযুক্তি কম্পিউটার : পৃষ্ঠা : ২ কলাম : ১

### কম্পিউটার : শিক্ষা

(৩য় পৃষ্ঠার পর)

'মন্ত্রণালয়' করার ঘোষণা দিয়েছেন। তিনি বলেছেন: পর্দাও অবকাঠামো গড়ে তোলার পর প্রয়োজনে কম্পিউটার শিক্ষাকে বাধ্যতামূলক করা হবে। বিগত সরকারের উদাসীনতা, চরম অবহেলা এবং অদূরদর্শিতার কারণে দেশ তথা ও যোগাযোগ প্রযুক্তির ক্ষেত্রে পিছিয়ে পড়েছে বলেও তিনি অভিযোগ করেন।

প্রধানমন্ত্রী গতকাল বিকালে প্রধান অতিথি হিসাবে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ কম্পিউটার সমিতি আয়োজিত সাত দিনব্যাপী এ মেলা উদ্বোধন করেন। সমিতির সভাপতি মোঃ সবুর খানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ড. আবদুল মঈন খান এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক। মেলা আয়োজন কমিটির আহ্বায়ক আলী আশফাকও এ সময় বক্তব্য রাখেন।

প্রধানমন্ত্রী খালেদা জিয়া বলেন, উন্নত বিধে যে ডিজিটাল বিপ্লব ঘটে গেছে আমরা তাতে शामिल হতে চাই। তথ্য ও প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের ক্ষেত্রে আমরা পিছিয়ে থাকতে চাই না। সরকার তরুণদের মেধা, অভিজ্ঞতা, দক্ষতা, শ্রম, উদ্যোগ আর উদ্যমকে কাজে লাগাতে চায়। তাদেরকে আলোর পথে নিয়ে যেতে চায়। অশিক্ষা, কুশিক্ষা ও অজ্ঞতার অভিশাপ থেকে মুক্ত করতে চায়।

বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ড. আবদুল মঈন খান বলেন: দক্ষতা, মেধা ও অর্থনৈতিক উন্নয়নে কম্পিউটার সেকশনের উন্নয়ন ঘটাতে হবে। পাট, চামড়া, বা চা খাতে ৩০ বছরে যে আয় হয় তথ্য ও প্রযুক্তি খাতে ৩ বছরে তা অর্জন সম্ভব। তিনি এ ক্ষেত্রে উন্নয়নের জন্য সরকারের নীতিমালা এবং ব্যক্তিগত খাতে জ্ব বাস্তবায়নের ওপর জোর দেন।

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক বলেন, বিশ্বের বিভিন্ন দেশের মতো এ দেশেও তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ওপর জোর দেয়া হয়েছে। এ বছরের শেষদিকে দেশের প্রতিটি জেলাকে ডিজিটালের আওতায় আনা হবে। ইতিমধ্যে ৩৭টি জেলাকে ইন্টারনেটের আওতায় আনা হয়েছে। এ বছরের ভেতরে বাকি জেলাগুলোও এর আওতায় আসবে। পর্যায়ক্রমে সব উপজেলাকেও ডিজিটালের আওতায় আনা হবে।

মেলায় দেশী-বিদেশী ১৫৮টি স্টল বোলা হয়েছে। উদ্বোধনের পর বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী এ সব স্টল ঘুরে দেখেন।